বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন

চিনিশিল্প ভবন, ৩ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

২০১৭ সালের ডিসেম্বর মাসের কার্যসম্পাদনের পর্যালোচনা

১। ক) উৎপাদন:

বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের অধীন ১৫ টি চিনিকলে ২০১৭-২০১৮ মাড়াই মৌসুমে ১৫৪০০০০ মে.টন ইক্ষু মাড়াই করে ৭.৫৬% চিনি আহরণ হারে ১১৬৩৫০ মে.টন চিনি উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। করপোরেশনের কারখানাগুলোতে মাস-ওয়ারী পণ্য উৎপাদনের পরিসংখ্যান নিম্নরূপ:

মাসের নাম	পণ্যের নাম ও এককসহ উৎপাদনের পরিমাণ				মন্তব্য
	চিনি (মেঃটন)	চিটাগুড় (মে.টন)	স্পিরিট এন্ড এ্যালকোহল (প্রুফ লিটার)	ইঞ্জিনিয়ারিং পণ্য (মে.টন)	
জুলাই,২০১৭	অমৌসুম	অমৌসুম	৩৬৩২৩৩	৩৫.৬১	
আগস্ট,২০১৭	অমৌসুম	অমৌসুম	২৮৫১৮২	৩৫.৬১	
সেপ্টেম্বর,২০১৭	অমৌসুম	অমৌসুম	৫৯১২৪৩	৫৩.০৬	
অক্টোবর,২০১৭	অমৌসুম	অমৌসুম	৪৪২৬৬৯	১৪৬.৯০	
নভেম্বর,২০১৭	২৮৫৯.০০	১৪৯৭.৮৩	৬৭৪৪২০	৭৯.৭৩	
ডিসেম্বর,২০১৭	১৮৬০২.০০	১২০০০.৭৭	৩১১০৪৩	৮৪.৯৫	
জানুয়ারী,২০১৮	-	-	-	-	
ফেব্রুয়ারী,২০১৮	-	-	-	-	
মার্চ,২০১৮	-	-	-	-	
এপ্রিল,২০১৮	-	-	-	-	
মে,২০১৮	-	-	-	-	
জুন,২০১৮	-	-	-	-	
মোট ঃ	২১৪৬১.০০	১৩৪৯৮.৬০	২৬৬৭৭৯০	৪৩৫.৮৬	

খ) উৎপাদন (পরিমাণ):

চিনি:

ডিসেম্বর, ২০১৭ মাসে ১৫ টি চিনিকলে ৩০৪৪১.৩৬ মে.টন চিনি উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ১৮৬০২.০০ মে.টন উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ৬১%। এ সময় পর্যন্ত উৎপাদন ২১৪৬১ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ২৭৮৬৮.১৫ মে.টন । বর্তমান বছরের প্রকৃত উৎপাদন গত বছরের তুলনায়২৩% কম।

মোলাসেস: :

ডিসেম্বর, ২০১৭ মাসে ১৫ টি চিনিকলে ১৭৩৬৭.৭১ মে.টন মোলাসেস উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ১২০০০.৭৭ মে.টন উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ৬৯%। এ সময় পর্যন্ত উৎপাদন ১৩৪৯৮.৬০ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ১৬১৮৬.৩৪ মে.টন । বর্তমান বছরের প্রকৃত উৎপাদন গত বছরের তুলনায় ১৭% কম।

স্পিরিট ও এলকোহল :

ডিসেম্বর, ২০১৭ মাসে কেরু ডিস্টিলারিতে ৪১৬৬৬৬.৬৭ প্রুফ লিটার স্পিরিট ও এ্যালকোহল উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১১০৪৩.০০ প্রুফ লিটার উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ৭৫%। জুলাই'১৭ হতে এ সময় পর্যন্ত উৎপাদন ২৬৬৭৭৯০ প্রুফ লিটার। গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ২৩৮৯৭৯৬ প্রুফ লিটার। বর্তমান বছরের প্রকৃত উৎপাদন গত বছরের তুলনায় ১২% বেশি।

ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি :

ডিসেম্বর, ২০১৭ মাসে রেনউইক,যজ্ঞেশ্বর অ্যান্ড কোম্পানিতে ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি ১০০ মে.টন উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ৮৪.৯৫ মে.টন উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ৮৫% । জুলাই'১৭ হতে এ সময় পর্যন্ত উৎপাদন ৪৩৫.৮৬ মে.টন । বাজার ও চিনিকলের যন্ত্রাংশের চাহিদার ভিত্তিতে ইঞ্জিনিয়ারিং পণ্যাদি উৎপাদন করা হয় । গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ৪২৭.৭৯ মে.টন । বর্তমান বছরের প্রকৃত উৎপাদন গত বছরের তুলনায় ২% বেশি ।

উৎপাদন ব্যয় :

ডিসেম্বর, ২০১৭ মাসে করপোরেশনের অধীনস্থ প্রতিষ্ঠানসমুহে উৎপাদিত পণ্যের উৎপাদন ব্যয় ১২৭৮৯.০৫ লক্ষ টাকা । এ মাসে উৎপাদন ব্যয়ের লক্ষ্যমাত্রা ১৯১৬৮.৭৩ লক্ষ টাকা । জুলাই'১৭ হতে এ সময় পর্যন্ত উৎপাদন ব্যয় ২২৮৪৫.১২ লক্ষ টাকা । গত বছর এ সময়ে উৎপাদন ব্যয় ২৫৬৭২.৯৪ লক্ষ টাকার তুলনায় ১১% কম ।

২ । বিক্রয় (পরিমাণ) :

চিনি :

ডিসেম্বর, ২০১৭ মাসে চিনিকলসমূহে ৩৬১৯.১০ মে.টন চিনি বিক্রয় হয় । জুলাই'১৭ হতে এ সময় পর্যন্ত চিনি বিক্রয়ের পরিমাণ ১৫৯১৮.৬৪ মে.টন । গত বছর এ সময় পর্যন্ত বিক্রয় ছিল ২৫২৩৬.২২ মে.টন । বর্তমান বছরের এ মাসে প্রকৃত বিক্রয় গত বছরের তুলনায় ৩৬.৯২% কম ।

মোলাসেস :

ডিসেম্বর, ২০১৭ মাসে চিনিকলসমূহে ৪২০৮.৮২ মে.টন মোলাসেস বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ৩২১৮.৮৬ মে.টন মোলাসেস বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ৭৬% । জুলাই'১৭ হতে এসময় পর্যন্ত বিক্রয় ২১৫৩০ মে.টন । গত বছর এ সময় পর্যন্ত মোলাসেস বিক্রয় ছিল ১৯৭০৩.৬০ মে.টন । বর্তমান বছরের এ মাসে প্রকৃত বিক্রয় গত বছরের তুলনায় ৯.২৭% বেশি ।

স্পিরিট, এ্যালকোহল ও ফরেন লিকার :

ডিসেম্বর, ২০১৭ মাসে কেরু ডিস্টিলারিতে ৪১৬৬৬৬.৬৭ প্রুফ লিটার স্পিরিট, এ্যালকোহল ও ফরেন লিকার বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ৩৪৫২০৩ প্রুফ লিটার বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ৮৩% । জুলাই'১৭ হতে এ সময় পর্যন্ত বিক্রয় ২১৬৭৬১৪ প্রুফ লিটার । গত বছর এসময়ে বিক্রয় ছিল ১৯৭৪৫৫১.৩৪ প্রুফ লিটার । বর্তমান বছরে এ সময়ে প্রকৃত বিক্রয় গত বছরের বিক্রয়ের তুলনায় ৯.৭৮% বেশি ।

ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি :

ডিসেম্বর, ২০১৭ মাসে রেনউইক, যজ্ঞেশ্বর অ্যান্ড কোম্পানিতে ১০০ মে. টন ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ৯৫.০০ মে. টন বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ৯৫% । জুলাই'১৭ হতে এ সময় পর্যন্ত বিক্রয় ৫০৩.৮০ মে.টন । গত বছর এ সময় পর্যন্ত বিক্রয় ছিল ৪৬৯.১৯ মে.টন । বর্তমান বছরে এ সময়ে প্রকৃত বিক্রয় গত বছরের বিক্রয়ের তুলনায় ৭.৩৮% বেশি ।

বিক্রয়(মূল্য) :

ডিসেম্বর, ২০১৭ মাসে করপোরেশনের শিল্প প্রতিষ্ঠানসমূহে ৩৬১৯.১০ মে. টন চিনি এবং অন্যান্য উৎপাদিত পণ্যাদি বিক্রয় বাবদ মোট ৫৪৩৬.৩০ লক্ষ টাকা পাওয়া গিয়াছে যা এই মাসের বিক্রয় মূল্যের লক্ষ্যমাত্রা ৫৮৯৭.৯৩ লক্ষ টাকার ৯২% । জুলাই'১৭ হতে এ সময় পর্যন্ত মোট বিক্রয় মূল্য ২৭২০১.৬৩ লক্ষ টাকা যা বিগত বছরের একই সময়ে বিক্রয় মূল্য ২৯২৯৪.৩৭ লক্ষ টাকার ৭% কম । পণ্যভিত্তিক ও কারখানাভিত্তিক বিক্রয়ের পরিসংখ্যান ১১-১৬ নম্বর পৃষ্ঠায় এনেক্সার-২/এ ও ২/বি তে সংযুক্ত করা হল ।

করপোরেশনের মাসওয়ারী প্রকৃত বিপণনের একটি পরিসংখ্যান নিম্নে দেওয়া হল :

মাসের নাম	পণ্যের নাম ও এককসহ প্রকৃত বিপণনের পরিমাণ				
	চিনি (মেঃটন)		চিটাগুড় (মে.টন)	স্পিরিট অ্যান্ড এ্যালকোহল (প্রুফ লিটার)	ইঞ্জিনিয়ারিং পণ্য (মে.টন)
	নিজস্ব উৎপাদিত	আমদানিকৃত			
জুলাই,২০১৭	১৯৫৯.১১	-	৩৫৪৭.০৬	৩২০৫৯৮	২০.৩৬
আগস্ট,২০১৭	২৩৭৫.৯৮	-	৩৯৯৩.৪০	৪২২৫৫৮	২০.৩৬
সেপ্টেম্বর,২০১৭	২০৫৫.৭৫	-	২৫৪৭.৫৬	৩৩৪৮১৭	১১৭.৩৪
অক্টোবর,২০১৭	৩১০০.৫৫	-	৪৩৫৪.৫৫	৩৫৫২০৭	১২৫.৩৭
নভেম্বর,২০১৭	২৮০৮.১৫	-	৩৮৬৯.৪৩	৩৮৯২৩১	১২৫.৩৭
ডিসেম্বর,২০১৭	৩৬১৯.১০	-	৩২১৮.৮৬	৩৪৫২০৩	৯৫.০০
জানুয়ারী,২০১৮	-	-	-	-	-
ফেব্রুয়ারী,২০১৮	-	-	-	-	-
মার্চ,২০১৮	-	-	-	-	-
এপ্রিল,২০১৮	-	-	-	-	-
মে,২০১৮	-	-	-	-	-
জুন,২০১৮	-	-	-	-	-
মোট ঃ	১৫৯১৮.৬৪	-	২১৫৩০.৮৬	২১৬৭৬১৪	৫০৩.৮০

৩। **উৎপাদিত দ্রব্যাদির মজুদ :**

ডিসেম্বর, ২০১৭ মাসের শেষে চিনিকলসমূহে ৫২৪১৫.৮১ মে.টন চিনি মজুদ রয়েছে। গত বছর এই মাসে চিনি মজুদের পরিমাণ ছিল ৭৩৭৮২.৭২ মে.টন। আলোচ্য মাস পর্যন্ত বিভিন্ন শিল্প কারখানায় উৎপাদিত পণ্যাদি ও চিনির মজুদ মূল্য দাঁড়ায় ৩৮৭২৭.৬৫ লক্ষ টাকা যা গত বছরের এ সময়ের মজুদ মূল্য ৫২৬৮৬.১৭ লক্ষ টাকার তুলনায় ২৬.৪৯% কম। কারখানাভিত্তিক মজুদ বিবরণী ১৭-১৮ নং পৃষ্ঠায় এনেক্সার ৩ এ সংযুক্ত করা হল।

৪। **উৎপাদন সহায়ক মালামালের মজুদ :**

ডিসেম্বর, ২০১৭ মাসের শেষে করপোরেশনের শিল্প প্রতিষ্ঠানসমূহে উৎপাদন সহায়ক মালামালের মজুদ মূল্য দাঁড়ায় ২২৩৬.৭২ লক্ষ টাকা যাহা বিগত বছর এই মাসের শেষে মজুদ মূল্য ২১৮৩.৮৪ লক্ষ টাকার তুলনায় ২% বেশি। উৎপাদন সহায়ক মালামালের বিবরণী ১৯-২১ পৃষ্ঠায় এনেক্সার-৪এ সংযুক্ত করা হল।

৫। **শুল্ক ও কর প্রদান :**

করপোরেশনের সদর দপ্তর ও অধীনস্থ শিল্প প্রতিষ্ঠানসমূহে হতে ডিসেম্বর, ২০১৭ মাসে ভ্যাট ও অন্যান্য কর বাবদ ৮৪৪.৫৫ লক্ষ টাকা (ভ্যাট ৬০৭.৫৫ লক্ষ টাকা এবং অন্যান্য কর ২৩৭ লক্ষ টাকা) প্রদান করা হয়। জুলাই'১৭ হতে এ সময় পর্যন্ত ভ্যাট ও অন্যান্য কর বাবদ মোট ৪২৬৮.৯৮ লক্ষ টাকা প্রদান করা হয়।